15

দৈনিক বাংলা

ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 03 JUL 1989 ...
পৃষ্ঠা ... কলাম ৭ ...

128

# পথকলি ট্রাস্ট: প্রেসিডেন্টের অনুমোদন

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ রোববার পথকলি ট্রাস্ট গঠন অনুমোদন করেন। নিজেদের অবস্থা উন্নয়নে লিপ্ত দুঃস্থ ও অবহেলিত শিশুদের কল্যাণ এ ট্রাস্টের লক্ষ্য।

বাসস জানায় প্রেসিডেন্ট এরশাদ বেগম রওশন এরশাদকে চেয়ারপার্সন ও শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলামকে ভাইস-চেয়ারম্যান করে গঠিত ট্রাস্ট অনুমোদন করে প্রস্তাবটিতে স্বাক্ষরদান করেন। ৭-সদস্য বিশিষ্ট ট্রাস্টের

(৩-এর পৃঃ দ্রঃ)

## অনুমোদন

(১-এর পৃঃ পর)

অন্যান্য সদস্য হলেন ডঃ মিজানুর রহমান শেলী এডভোকেট রেজাউর রহমান প্রাথমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক এবং একজন মহিলা প্রতিনিধি।

প্রেসিডেন্ট এরশাদের সরাসরি উদ্যোগে ট্রাস্টটি গঠিত হয়। এ ট্রাস্ট সকল পথকলি স্কুল এবং চিকিৎসা কেন্দ্র ও প্রশিক্ষণ কেন্দ্রের মত অন্যান্য পথকলি প্রতিষ্ঠানের দায়িত্ব গ্রহণ করবে এবং যথাযথ ব্যবস্থাপনাসহ এগুলো যথাযথভাবে পরিচালনার পদক্ষেপ গ্রহণ করবে। এই ট্রাস্ট সরকারী অনুদান এবং দেশ বিদেশের সমাজসেবী ব্যক্তি ও সংগঠন এবং স্বেচ্ছাসেবী সংগঠনের দান এবং ট্রাস্টের পুঁজি বিনিয়োগের লাভের মত বিভিন্ন সূত্র থেকে তহবিল গঠন করবে।

ট্রাস্টকে ফলপ্রসূ করতে ট্রাস্ট এর তহবিলের লাভজনক পুঁজি বিনিয়োগ করবে। ট্রাস্ট বিভিন্ন প্রকল্প প্রনয়ন এবং পথকলিদের সার্বিক কল্যাণে তা বাস্তবায়িত করবে।

ট্রাস্ট এর সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তি যথাযথভাবে রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা নিশ্চিত করবে।

ট্রাস্ট গঠনকে স্বাগত জানিয়ে প্রেসিডেন্ট এরশাদ বলেন দুঃস্থ ও অবহেলিত শিশুদের লালন পালনে সরকার এবং সমাজের সচ্ছল ব্যক্তিদের কিছু সুস্পষ্ট দায়িত্ব রয়েছে। তিনি দুঃস্থ ও অবহেলিত শিশুদের শিক্ষাদানের লক্ষ্য অর্জনের উপর গুরুত্ব আরোপ করেন। এসব অবহেলিত শিশুর জীবনে শিক্ষা অর্থবহ হতে পারে। তারা যাতে নিজেদের পায়ে দাঁড়াতে এবং জাতীয় উন্নয়ন প্রচেষ্টায় অবদান রাখতে পারে সেজন্য তিনি তাদের যথাযথ স্বাস্থ্য পরিচর্যা পুষ্টি ও বৃত্তি প্রশিক্ষণদানের প্রয়োজনীয়তা উপর গুরুত্ব আরোপ করেন।

প্রেসিডেন্ট ট্রাস্টের জন্য ১৫ লাখ টাকা অনুদান ঘোষণা করেন।

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম ট্রাস্ট গঠনের প্রস্তাবে স্বাক্ষরদান উপলক্ষে সেখানে উপস্থিত ছিলেন। তিনি এই মহান উদ্যোগ গ্রহণের জন্য প্রেসিডেন্টকে ধন্যবাদ জানান। এ উদ্যোগে অবহেলিত শিশুদের দুর্দশা লাঘবে অনেক দূর এগিয়ে যাবে।